8. Sol^n : $x - y = 0 \Rightarrow y = x$ রেখার ঢাল ধনাত্মক, (0, 2) বিন্দু $x - y \le 0$ অসমতাকে সিদ্ধ করে এবং প্রদত্ত শর্তে সমান চিহ্ন অন্তর্ভুক্ত আছে । $\therefore$ উ: ঘ.

9. Sol^n : (5, 0) বিন্দুতে
$z = 6\times 5 + 2\times 0 = 30$
(2, 3) বিন্দুতে
$z = 6\times 2 + 2\times 3 = 18$
$\therefore$ উ: ঘ.



10. Sol^n : $3x + 4y - 1 < 0$ অসমতাটি মূলবিন্দুতে সত্য। উ: গ.

11. Sol^n : (2, 3) বিন্দুতে
$z = 6 + 12 = 18$
(2, 4) বিন্দুতে
$z = 6 + 16 = 22$



$(\frac{3}{2}, 3)$ বিন্দুতে $z = \frac{9}{2} + 12 = 16.5$

$\therefore$ উ : গ.

12. Sol^n : (0, 2) বিন্দু $y\le 1$ অসমতাকে সিদ্ধ করে না।
$\therefore$ (1, 1) বিন্দুতে $2x + 9y = 11$
(0, 1) বিন্দুতে $2x + 9y = 9$
(2, 0) বিন্দুতে $2x + 9y = 4$
$\therefore$ উ: ক.

13. Sol^n : $4x + 3y > 1$ যোগাশ্রয়ী অসমতা প্রকাশ করে। উ: গ.

14. Sol^n : $Z_{(0,3)} = 12$, $Z_{(6,3)} = 12 + 12 = 24$,

$Z_{(0,16)} = 12 + 64 = 76, Z_{(0,25)} = 100.$

$\therefore Z_{max} = 100$ ∴ উ: ঘ.

15. Sol^n : (0,0), (5, 0) বিন্দু $x + 2y \geq 8$ অসমতাকে এবং (8,0) বিন্দু $x + y \leq 5$ অসমতাকে সিদ্ধ করে না।

∴ উ: ক.

16. Sol^n : (0, 0) বিন্দু $x + y \leq 5$ অসমতাকে সিদ্ধ করে কিন্তু $4x + 2y \geq 12$ অসমতাকে সিদ্ধ করে না। ∴ উ: গ.

17. সব তথ্যই সত্য। ∴ উ: ঘ

18. Sol^n : অভীষ্ট ফাংশন $= x + y$. ∴ উ: ঘ.

19. Sol^n : মোট খরচের শর্ত, $1200x + 800y \leq 4800 \Rightarrow 3x + 2y \leq 12$. ∴ উ: খ.

20. Sol^n : (24, 12) বিন্দু উভয় অসমতাকে সিদ্ধ করে। উ: গ.

21. Sol^n : (40, 0) বিন্দুতে
$z = 120$
(39, 2) বিন্দুতে
$Z = 117 + 2 = 119$
(0, 28) বিন্দুতে $z = 28$



∴ উ: ঘ.

22. Sol^n : চিত্রের চিহ্নিত সমাধানের অনুকূল এলাকা I

∴ উ: ক.



23. Sol^n :

এখানে, A(4, 0), D(4, 2), F(2, 4)

A বিন্দুতে $z = 8$, D বিন্দুতে $z = 14$, F বিন্দুতে $z = 16$ ∴ উ: ঘ.

24. Sol^n : অভীষ্ট ফাংশনের মান = 16

∴ উ: ঘ.

25. Sol^n : OACE আবদ্ধ ক্ষেত্রটি $x + y \leq 7$, $2x + 5y \leq 20$, $x \geq 0$, $y \geq 0$ শর্তসমূহকে সিদ্ধ করে। ∴ উ: ক.

26. Sol^n :



চিত্র হতে দেখা যায়, z এর সর্বোচ্চ মান (15, 0) বিন্দুতে অবস্থিত এবং তা $2 \times 15 = 30$ এর সর্বনিম্ন মান (3, 0) কৌণিক বিন্দুতে অবস্থিত এবং তা $2 \times 3 = 6$. ∴ উ: ঘ.

27. Sol^n : শর্তসমূহের গাণিতিক আকার
$12x + 8y \leq 100$ এবং $x \geq 1, y \leq 8, y \geq 0$

∴ উ: গ.

28. Sol^n :



কাঙ্ক্ষিত মান $x + y = 7$ রেখার উপর (7, 0) বা (5, 2) বিন্দুতে অবস্থিত।
(7, 0) বিন্দুতে $z = 21$, (5, 2) বিন্দুতে $z = 23$

∴ উ: ঘ

29. Sol^n :



শর্তবলী দ্বারা গঠিত সমাধানের অনুকূল এলাকার সীমাবদ্ধ ক্ষেত্রটি হবে ত্রিভুজ। ∴ উ: ক.

30. Sol^n : (0, 6) বিন্দুতে $z = 2 \times 6 = 12$
(0, 8) বিন্দুতে $z = 2 \times 8 = 16$
(2, 4) বিন্দুতে $z = 6 \times 2 + 2 \times 4 = 20$

∴ উ: গ.

31. Sol^n : $x + y = 5$ রেখাস্থ (1, 4) ও (2, 3) বিন্দুতে $6x + 2y$ এর মান যথাক্রমে 14 ও 18



∴ উ: খ.

32. Sol^n :



চিত্রানুযায়ী $2x_1 + 7x_2$ এর সর্বনিম্ন মান (1, 0) বিন্দুতে অবস্থিত এবং এর মান 2. ∴ উ: ক.
[∵ x_1 এর সহগ (2) < x_2 এর সহগ (7)]

33. Sol^n : $3x + 4y \leq 45$, $2x + y \leq 20$
$z = 10x + 12y$
$z_{(10,0)} = 100$
$z_{(7,6)} = 142$
$z_{(0,45/4)} = 135$



∴ উ: গ.

34. Sol^n : $15x + 5y \leq 105$, $5x + 10y \leq 60$
$z = 50x + 30y$
$z_{(7,0)} = 350$
$z_{(6,3)} = 390$
$z_{(0,6)} = 180$



∴ উ: খ.

35. Sol^n : ধরি, অঙ্কদ্বয় x ও y.
∴ শর্তগুলি, $x + y \geq 12$, $x + 2 \leq 9$, $y + 2 \leq 9$
87 সংখ্যাটি $x + 2 \leq 9$ শর্ত মেনে চলে না। কেননা $8 + 2 = 10 > 9$. অবশিষ্ট সংখ্যা তিনটি প্রদত্ত শর্তগুলির মেনে চলে যাদের মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি হচ্ছে 57 . ∴ উ: ক.

36. Sol^n : প্রথম ও ২য় অসমতা দ্বারা আবদ্ধ সম্ভাব্য ক্ষেত্র একটি চতুর্ভুজ। [দি.বো.'১৭]

∴ উ: (গ)

37. Sol^n : [দি.বো.'১৭]



(2, 0) বিন্দুতে, $z = 8$; (7, 0) বিন্দুতে, $z = 28$; $(\frac{14}{3}, \frac{4}{3})$ বিন্দুতে, $z = 20$

∴ উ:(খ)

38. Sol^n : (ii) নং শর্ত সঠিক নয়। [চ.বো.'১৭]

∴ উ: (ক)

39. Sol^n : $2x + 3y = 6$ রেখা x-অক্ষকে (2, 0) ও y-অক্ষকে (0, 2) বিন্দুতে ছেদ করে। [চ.বো.'১৭]

∴ $z_{(3,0)} = 3; z_{(0,2)} = 4$ ∴ উ: (খ)

40. Sol^n : OAPD আবদ্ধক্ষেত্রটি প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে। ∴ উ: (গ) [ঢা.বো.'১৭]

41. Sol^n : [ঢা.বো.'১৭]



$z_{(9,0)} = 18$ & $z_{(0,6)} = 42$; $z_{(6,3)} = 12 + 21 = 33$

∴ উ: (ঘ)

42. Sol^n : মূলবিন্দুগামী $y = x$ রেখার ঢাল = 1 এবং (0,1) বিন্দু $y \geq x$ অসমতাকের সিদ্ধ করে।

∴ উ: (ক) [রা.বো.'১৭]

43. Sol^n : P (3, −3) বিন্দু সকল শর্ত সিদ্ধ করে।

∴ $z_{(3,-3)} = 21 - 9 = 12$ উ: (ক) [রা.বো.'১৭]

44. Sol^n : ছায়াঘেরা অংশটি কোনো যোগাশ্রয়ী প্রোগ্রামের সম্ভাব্য অঞ্চল হলে, শর্তাবলি $6x + 5y \leq 30$; $x, y \geq 0$



∴ উ: (ঘ) [য.বো.'১৭]

45. Sol^n : $z_{(0,0)} = 0; z_{(5,0)} = -5; z_{(0,6)} = 12$ [য.বো.'১৭]

∴ উ: (খ)

46. Sol^n : উল্লিখিত শর্তাধীনে সমাধান অংশটি ত্রিভুজাকার। [কু.বো.'১৭]

∴ উ: (গ)

47. Solⁿ :
$z_{(4,0)} = 8; z_{(5,0)} = 10;$
$z_{(4,2)} = 8 - 2 = 6$
∴ উ: (গ)



সৃজনশীল প্রশ্ন (Creative Questions)

1. দৃশ্যকল্প -১:একজন ফেরিওয়ালা দৈনিক দুই প্রকারের মোট 500 রসগোল্লা কিনতে পারেন। বড় ও ছোট আকারের রসগোল্লার ক্রয়মূল্য যথাক্রমে 3 টাকা ও 1 টাকা। প্রতিটি বড় রসগোল্লায় লাভ ছোট রসগোল্লার লাভের দ্বিগুণ। ঐ ফেরিওয়ালা সর্বোচ্চ লাভের জন্য 1100 টাকা বিনিয়োগ করে x সংখ্যক বড় এবং y সংখ্যক ছোট রসগোল্লা ক্রয় করেন।

দৃশ্যপট-২:



অভীষ্ট ফাংশন, $z = x + 3y$

শর্ত : $5x + 2y \geq 10 \cdots\cdots$ (i)
$x + y \geq 4 \cdots\cdots\cdots$ (ii)
$x + 3y \geq 6 \cdots\cdots$ (iii)
এবং $x \geq 0, y \geq 0.$

চিত্রে,অসমতাগুলির অনুরূপ রৈখিক সমীকরণের লেখচিত্র অঙ্কন করা হয়েছে।

ক. দৃশ্যকল্প-১ অনুযায়ী প্রতিটি ছোট রসগোল্লায় লাভ m টাকা হলে যোগাশ্রয়ী প্রোগ্রামটি গঠন কর।

সমাধান: প্রতিটি ছোট রসগোল্লায় লাভ m টাকা।
∴ প্রতিটি বড় রসগোল্লায় লাভ 2m টাকা
∴ অভিষ্ট ফাংশন $z = 2mx + my.$
শর্ত : (মোট রসগোল্লা) $x + y \leq 500,$
(মোট খরচ) $3x + y \leq 1100, x \geq 0, y \geq 0.$

(b) দৃশ্যকল্প -২ এর শর্ত সাপেক্ষে অভীষ্ট ফাংশন z এর সর্বনিম্ন মান নির্ণয় কর। [কু.বো.'১৭]

সমাধান:



CF, FG ও GH রেখাত্রয়ের উপরস্থ ও তাদের ডানপার্শ্বস্থ বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে বিধায় ঐ অঞ্চলটিই সমাধানের অনুকূল এলাকা।

এখানে, C(6,0); (ii) ও (iii) এর ছেদবিন্দু F(3, 1); (i) ও (ii) এর ছেদবিন্দু $G(\frac{2}{3}, \frac{10}{3})$ এবং H(0 , 5)।

এখন, C(6,0) বিন্দুতে $z = 6 + 3 \times 0 = 6,$
F(3, 1) বিন্দুতে $z = 3 + 3 \times 1 = 6,$
$G(\frac{2}{3}, \frac{10}{3})$ বিন্দুতে $z = \frac{2}{3} + 3 \times \frac{10}{3} = 10\frac{2}{3}$
H(0 , 5) বিন্দুতে $z = 0 + 3 \times 5 = 15$
∴ অভীষ্ট ফাংশন z এর সর্বনিম্ন মান 6 .

গ. দৃশ্যকল্প -২ এর (i), (ii) ও (iii) নম্বর শর্তে ≥ এর পরিবর্তে ≤ লিখা হলে অভীষ্ট ফাংশন z এর সর্বোচ্চ মান নির্ণয় কর।

দৃশ্যপট-২ এর (i), (ii) ও (iii) নম্বর শর্তে ≥ এর পরিবর্তে ≤ লিখা হলে সমাধানের অনুকূল এলাকা হবে OADE চতুর্ভুজ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রফল।

এখানে, O(0,0); A(2,0); (i) ও (iii) এর ছেদবিন্দু $D(\frac{18}{13}, \frac{20}{13})$;এবং E(0 , 2)।

এখন, 0(0,0) বিন্দুতে $z = 0 + 3 \times 0 = 0,$



A(2, 0) বিন্দুতে $z = 2 + 3 \times 0 = 2,$
$D(\frac{18}{13}, \frac{20}{13})$বিন্দুতে $z = \frac{18}{13} + 3 \times \frac{20}{13} = \frac{78}{13} = 6$
E(0 , 2) বিন্দুতে $z = 0 + 3 \times 2 = 6$
∴ অভীষ্ট ফাংশন z এর সর্বোচ্চ মান 6 .

2. কোনো যোগাশ্রয়ী প্রোগ্রামের সীমাবদ্ধতাগুলি $2x + y \leq 8$, $2x + 3y \leq 12$, $x , y \geq 0$ এবং সমাধানের অনুকূল এলাকার কৌণিক বিন্দুগুলি O(0,0), A(4,0), B(3,2) এবং C(0,4)। যদি উহার অভীষ্ট ফাংশন $z = ax + by$ (যেখানে $a, b > 0$) হয় তবে-

ক. অসমাগুলির লেখচিত্র অঙ্কন কর।

সমাধান: অসমতাগুলির অনুরূপ রৈখিক সমীকরণ,

$2x + y = 8 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{8} = 1 \cdots$(i),

$2x + 3y = 12 \Rightarrow \frac{x}{6} + \frac{y}{4} = 1 \cdots$(ii)



একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা X'OX ও YOY' অঙ্কন করি। x-অক্ষ ও y-অক্ষ বরাবর ছোট 2 বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) ও (ii) রেখার লেখচিত্র অঙ্কন করি।

খ. কোন শর্তে z এর সর্বোচ্চ মান শুধুমাত্র B বিন্দুতে থাকবে?

সমাধান: OABC চতুর্ভুজ দ্বারা সীমাবদ্ধ এলাকার বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে। অতএব, এই ক্ষেত্রটিই সমাধানের অনুকূল এলাকা।

O(0,0) বিন্দুতে $z = a \times 0 + b \times 0 = 0,$
A(4,0) বিন্দুতে $z = a \times 4 + b \times 0 = 4a.$
B(3,2) বিন্দুতে $z = a \times 3 + b \times 2 = 3a + 2b.$
C(0,4) বিন্দুতে $z = a \times 0 + b \times 4 = 4b$
z এর সর্বোচ্চ মান শুধুমাত্র B বিন্দুতে থাকলে,
$3a + 2b > 0$. $3a + 2b > 4a \Rightarrow a < 2b$
এবং $3a + 2b > 4b \Rightarrow a > \frac{2}{3}b$
∴ নির্ণেয় শর্ত , $3a + 2b > 0$ এবং $\frac{2}{3}b < a < 2b$

গ. A বিন্দুতে z এর মান < B বিন্দুতে z এর মান < C বিন্দুতে z এর মান - এ শর্তে t এর মান নির্ণয় কর, যেখানে $a = t - 1$ এবং $b = t + 1$.

সমাধান: A বিন্দুতে z এর মান < B বিন্দুতে z এর মান < C বিন্দুতে z এর মান
$\Rightarrow 4a < 3a + 2b < 4b$
$\Rightarrow 4(t - 1) < 3(t - 1) + 2(t + 1) < 4(t + 1)$
$\Rightarrow 4t - 4 < 3t - 3 + 2t + 2 < 4t + 4$
$\Rightarrow 4t - 4 < 5t - 1 < 4t + 4$
এখন, $4t - 4 < 5t - 1 \Rightarrow 5t - 4t > -4 + 1$
$\Rightarrow t > -3$ এবং
$5t - 1 < 4t + 4 \Rightarrow 5t - 4t < 4 + 1 \Rightarrow t < 5$
∴ t এর নির্ণেয় মান: $-3 < t < 5$

3. $x + y \leq 5$ ও $x + 2y \geq 8$ দুই চলকবিশিষ্ট যোগাশ্রয়ী অসমতা।

ক. $6x^2 - x - 1 > 0$ এর সমাধান সেট নির্ণয় কর।

সমাধান: $6x^2 - x - 1 > 0$
$\Rightarrow 6x^2 - 3x + 2x - 1 > 0$
$\Rightarrow 3x(2x - 1) + 1(2x - 1) > 0$

$\Rightarrow (2x-1)(3x+1)>0$

$\Rightarrow x>\frac{1}{2}$ অথবা $x<-\frac{1}{3}$

$\therefore$ সমাধান সেট $=\{x\in\mathbb{R}: x>\frac{1}{2}$ অথবা $x<-\frac{1}{3}\}$

খ. **প্রদত্ত অসমতাযুগলের সমাধান সেটের লেখচিত্র অঙ্কন কর।**

সমাধান : প্রদত্ত অসমতাযুগলের অনুরূপ রৈখিক সমীকরণ, $x+y=5\Rightarrow \frac{x}{5}+\frac{y}{5}=1\cdots\cdots(i)$,

$x+2y=8\Rightarrow \frac{x}{8}+\frac{y}{4}=1\cdots\cdots(ii)$



একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' অঙ্কন করি। x-অক্ষ ও y-অক্ষ বরাবর ছোট 1 বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) ও (ii) রেখার লেখচিত্র অঙ্কন করি।

প্রদত্ত $x+y\le 5$ অসমতায় (0,0) বসিয়ে যাচাই করলে পাওয়া যায় $0\le 5$, যা সত্য। সুতরাং (i) রেখাস্থ ও এর (0,0) বিন্দুর পার্শ্বস্থ সকল বিন্দুর সেট এই অসমতার লেখচিত্র। $x+2y\ge 8$ অসমতায় (0,0) বসিয়ে যাচাই করলে পাওয়া যায় $0\ge 5$, যা সত্য নয়। সুতরাং (ii) রেখাস্থ ও এর (0,0) বিন্দুর বিপরীত পার্শ্বস্থ সকল বিন্দুর সেট এই অসমতার লেখচিত্র।

অতএব, এই রেখা দুইটির সংশিষ্ট অংশ সহ দুইভাবে চিহ্নিত অংশের ছেদাংশই অসমতা দুইটির যুগপৎ সমাধানের লেখচিত্র।

গ. **প্রদত্ত অসমতাযুগল এবং $x, y\ge 0$ শর্তে $z=2x-y$ এর এর সর্বনিম্ন মান নির্ণয় কর।**

সমাধান: প্রদত্ত অসমতাযুগলের অনুরূপ রৈখিক সমীকরণ, $x+y=5\Rightarrow \frac{x}{5}+\frac{y}{5}=1\cdots\cdots(i)$,

$x+2y=8\Rightarrow \frac{x}{8}+\frac{y}{4}=1\cdots\cdots(ii)$

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' অঙ্কন করি। x-অক্ষ ও y-অক্ষ বরাবর ছোট 1 বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) ও (ii) রেখার লেখচিত্র অঙ্কন করি।



ABC ত্রিভুজ দ্বারা সীমাবদ্ধ এলাকার বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে। অতএব এই ক্ষেত্রটিই সমাধানের অনুকূল এলাকা।

এখানে, (i) ও (ii) এর ছেদবিন্দু $A(2, 3)$; $B(0, 4)$ এবং $C(0, 5)$.

$A(2, 3)$ বিন্দুতে $z=2\times2-3=1$

$B(0, 4)$ বিন্দুতে $z=2\times0-4=-4$

$C(0, 5)$ বিন্দুতে $z=2\times0-5=-5$

$\therefore$ z এর এর সর্বনিম্ন মান -5.

1. X ও Y প্রকারের খাদ্যের প্রতি কেজিতে প্রোটিন ও শ্বেতসার এর পরিমাণ ও তাদের মূল্য নিম্নের চার্টে দেওয়া হল।

খাদ্যের নাম	প্রতি কেজিতে প্রোটিন	প্রতি কেজিতে শ্বেতসার	প্রতি কেজির মূল্য (টাকা)
X	8	10	70
Y	12	6	90
দৈনিক ন্যূনতম প্রয়োজন	32	22	

ক. যেকোনো $x\in\mathbb{R}$ এর জন্য প্রমাণ কর যে, $|x|\ge x$

সমাধান : শিখনফল ১.৪ এর 1 দ্রষ্টব্য।

খ. $1\div$(X – দৈনিক ন্যূনতম প্রয়োজনীয় প্রোটিনের পরিমাণ) $\le$ প্রতি কেজি Y প্রকারের খাদ্যের শ্বেতসারের পরিমাণ) হলে, x এর ব্যবধি সংখ্যারেখায় প্রকাশ কর: যেখানে $x\ne 32$.

সমাধান : $1\div$ (X – দৈনিক ন্যূনতম প্রয়োজনীয় প্রোটিনের পরিমাণ) $\le$ প্রতি কেজি Y প্রকারের খাদ্যের শ্বেতসারের পরিমাণ)

$\Rightarrow 1\div(x-32)\le 6\Rightarrow \frac{1}{x-32}\le 6$

$x-32=0\Rightarrow x=32$ হলে, প্রদত্ত অসমতাটি অসংজ্ঞায়িত হবে।

এখন, $\frac{1}{x-32}<6\cdots(i)$

$x-32>0$ হলে, (i) $\Rightarrow 1<6(x-32)$

$\Rightarrow x-32>\frac{1}{6}\Rightarrow x>32+\frac{1}{6}\Rightarrow x>32\frac{1}{6}$

$x-32<0$ হলে, (i) $\Rightarrow 1>6(x-32)$

$\Rightarrow x-32<\frac{1}{6}\Rightarrow x<32+\frac{1}{6}\Rightarrow x<32\frac{1}{6}$

$\therefore$ সমাধান সেট, $S=\{x\in\mathbb{R}: x<32\frac{1}{6}$ or $x>32\frac{1}{6}\}$

নিম্নে সংখ্যারেখায় সমাধান সেট দেখানো হল :



গ. সবচেয়ে কম খরচে কিরূপে দৈনিক ন্যূনতম খাদ্যের প্রয়োজন মেটানো সম্ভব?

সমাধান : প্রশ্নমালা II এর 5(a) দ্রষ্টব্য।

5.



অভীষ্ট ফাংশন $z=2x+3y$

ক. $a<b$ এবং $b<c$ হলে, দেখাও যে, $a<c$; যেখানে, $a, b, c\in\mathbb{R}$

প্রমাণ: প্রশ্নমালা I এর 8 দ্রষ্টব্য।

খ. $y=1$ হলে $z(z-0.5)\le 1.5$ অসমতাকে পরমমান চিহ্নের সাহায্যে প্রকাশ কর।

সমাধান : $y=1$ হলে $z=2x+3$.

$\therefore z(z-0.5)\le 1.5$

$\Rightarrow (2x+3)(2x+3-\frac{1}{2})\le\frac{3}{2}$

$\Rightarrow (2x+3)(\frac{4x+6-1}{2})\le\frac{3}{2}$

$\Rightarrow (2x+3)(4x+5)\le 3$

$\Rightarrow 8x^2+10x+12x+15-3\le 0$

$\Rightarrow 8x^2+22x+12\le 0$

$\Rightarrow 4x^2+11x+6\le 0$

$\Rightarrow 4x^2+8x+3x+6\le 0$

$\Rightarrow 4x(x+2)+3(x+2)\le 0$

$\Rightarrow (x+2)(4x+3)\le 0$

$\Rightarrow \{x-(-2)\}\{x-(-\frac{3}{4})\}\le 0$

$\Rightarrow -2\le x\le -\frac{3}{4}$

সকল পক্ষে $\frac{-2-\frac{3}{4}}{2}=\frac{11}{8}$ যোগ করে পাই,

$$-2+\frac{11}{8} \le x+\frac{11}{8} \le -\frac{3}{4}+\frac{11}{8}$$

$$\Rightarrow \frac{-16+11}{8} \le \frac{8x+11}{8} \le \frac{-6+11}{8}$$

$\Rightarrow -5 \le 8x+11 \le 5$

$\Rightarrow |8x+11| \le 5$ (Ans.)

গ. ABCD চতুর্ভুজ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রটি সমাধানের অনুকূল এলাকা হওয়ার শর্ত উল্লেখপূর্বক z এর সর্বনিম্ন মান নির্ণয় কর।

সমাধান : ABCD চতুর্ভুজ দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রটি সমাধানের অনুকূল এলাকা হওয়ার শর্ত :

$x+y \ge 6,\ x+2y \le 10,\ x \ge 4,\ y \ge 0.$

এখানে, A(6,0); B(10, 0); x = 4 ও x + 2y = 10 এর ছেদবিন্দু C(4, 3); x = 4 ও x + y = 6 এর ছেদবিন্দু D(4, 2)।

এখন, A(6,0) বিন্দুতে $z = 2\times 6 + 3\times 0 = 12$

B(10,0) বিন্দুতে $z = 2\times 10 + 3\times 0 = 20$,

C(4, 3) বিন্দুতে $z = 2\times 4 + 3\times 3 = 17$

D(4 , 2) বিন্দুতে $z = 2\times 4 + 3\times 2 = 14$

$\therefore$ z এর সর্বনিম্ন মান 12 .

6. $3y - x \le 10,\ x+y \le 6,\ x-y \le 2,\ x, y \ge 0$ শর্তাধীনে অভিষ্ট ফাংশন $z = 2y - x$.

ক. $|2x+3| < 7$ অসমতাকে পরমমান চিহ্ন ব্যতীত প্রকাশ কর।

সমাধান : প্রশ্নমালা I এর 3(b) দ্রষ্টব্য।

খ. x = 1, y = 2 হলে প্রমাণ কর যে, $\sqrt{z}$ একটি অমূলদ সংখ্যা।

সমাধান : x = 1, y = 2 হলে

$\sqrt{z} = \sqrt{2.2-1} = \sqrt{3}$

অতপর প্রশ্নমালা I এর উদাহরণ 6(c) দ্রষ্টব্য।

গ. z এর সর্বনিম্ন মান নির্ণয় কর।

সমাধান : প্রশ্নমালা II এর 3(c) দ্রষ্টব্য।

7. অভীষ্ট ফাংশন : $z = 3x + 5y$, সীমাবদ্ধতা : $t \le 2,\ x \ge 6-2y,\ y \le x,\ x \le 6$; যেখানে, $t = x - 2y$

ক. $13 + |-1-4| - 3 - |-8|$ এর মান নির্ণয় কর।

সমাধান : প্রশ্নমালা I এর 1(f) দ্রষ্টব্য।

খ. y = 1 হলে, $|t| \le 10$ অসমতার সমাধান সেট সংখ্যা রেখায় দেখাও।

প্রমাণ: y = 1 হলে $t = x - 2.1 = x - 2$

$\therefore |t| \le 10 \Rightarrow |x-2| \le 10$

$\Rightarrow -10 \le x - 2 \le 10$

$\Rightarrow -10 + 2 \le x - 2 + 2 \le 10 + 2$

$\Rightarrow -8 \le x \le 12$

$\therefore$ সমাধান সেট, $s = \{x \in \mathbb{R} : -8 \le x \le 12\}$

নিম্নে সংখ্যারেখায় সমাধান সেট দেখানো হল :

$-8 \le x \le 12$



গ. z এর সর্বনিম্ন মান নির্ণয় কর।

সমাধান : সীমাবদ্ধতা : $t \le 2 \Rightarrow x - 2y \le 2$, $x \ge 6 - 2y,\ y \le x,\ x \le 6.$

অতপর প্রশ্নমালা I এর উদাহরণ 3(e) দ্রষ্টব্য।

8. $x + 2y \ge 4,\ t \ge 4,\ x, y \ge 0$ শর্তাধীনে অভিষ্ট ফাংশন $z = 3x + 2y$; যেখানে $t = 2x + y$

ক. $|2x - 5| < 1$ অসমতার সমাধান সেটের সুপ্রিমাম নির্ণয় কর।

সমাধান : $|2x-5| < 1 \Rightarrow -1 < 2x - 5 < 1$

$\Rightarrow -1 + 5 < 2x - 5 + 5 < 1 + 5$

$\Rightarrow 4 < 2x < 6 \Rightarrow 2 < x < 3$

$\therefore$ সমাধান সেট, $s = \{x \in \mathbb{R} : 2 \le x \le 3\}$

$\therefore$ প্রদত্ত অসমতার সমাধান সেটের সুপ্রিমাম = 3

খ. y = 3 হলে $|t| \ge 4$ এর সমাধান সেট সংখ্যারেখায় দেখাও।

সমাধান : y = 3 হলে $|t| \ge 4$

$\Rightarrow |2x+3| \ge 4 \cdots\cdots$ (i)

$2x + 3 > 0$ হলে (i) $\Rightarrow 2x + 3 \ge 4$

$\Rightarrow 2x \ge 4 - 3 \Rightarrow 2x \ge 1 \Rightarrow x \ge \frac{1}{2}$

$2x + 3 < 0$ হলে (i) $\Rightarrow -(2x+3) \ge 4$

$-(2x+3) \ge 4 \Rightarrow 2x + 3 \le -4$

$\Rightarrow 2x \le -7 \Rightarrow x \le -\frac{7}{2}$

$\therefore$ প্রদত্ত অসমতার সমাধান সেট,

$s = \{x \in \mathbb{R} : x \le -\frac{7}{2}$ অথবা, $x \ge \frac{1}{2}\}$

নিম্নে সংখ্যারেখায় সমাধান সেট দেখানো হল :



গ. z এর সর্বনিম্ন মান নির্ণয় কর।

সমাধান : শর্তাবলী : $x + 2y \ge 4$,

$t \ge 4 \Rightarrow 2x + y,\ x, y \ge 0$

অতপর প্রশ্নমালা I এর উদাহরণ 3(b) দ্রষ্টব্য।

9. $x + 2y \le 10,\ t \le 6,\ x \le 4,\ x \ge 0,\ y \ge 0$ শর্তাধীনে অভিষ্ট ফাংশন $z = 2x + 3y$; যেখানে, $t = x + y$

ক. $|x-2| \le \frac{1}{3}$ অসমতাটি পরম মান চিহ্ন ব্যতীত প্রকাশ কর।

সমাধান : $|x-2| \le \frac{1}{3} \Rightarrow -\frac{1}{3} \le x - 2 \le \frac{1}{3}$

$\Rightarrow -\frac{1}{3} + 2 \le x - 2 + 2 \le \frac{1}{3} + 2$

$\Rightarrow \frac{5}{3} \le x \le \frac{7}{3}$ (Ans.)

খ. y = – 1 এবং $|t| < \frac{1}{13}$ হলে প্রমাণ কর যে, $|x^2 - 1| < \frac{27}{169}$

প্রমাণ: y = – 1 হলে, t = x –1

$\therefore |t| < \frac{1}{13} \Rightarrow |x-1| < \frac{1}{13} \cdots\cdots$ (i)

এখন, $|x+1| = |x - 1 + 2| \le |x-1| + |2|$

$\Rightarrow |x+1| < \frac{1}{13} + 2$, [(i) দ্বারা]

$\Rightarrow |x+1| < \frac{27}{13} \cdots\cdots$ (ii)

(i)×(ii) $\Rightarrow |x-1||x+1| < \frac{1}{13}.\frac{27}{13}$

$\Rightarrow |(x-1)(x+1)| < \frac{27}{169}$

$\Rightarrow |x^2 - 1| < \frac{27}{169}$ (Proved)

গ. z এর সর্বোচ্চ মান নির্ণয় কর।

সমাধান : প্রদত্ত শর্তাবলী : $x + 2y \le 10$, $t \le 6 \Rightarrow x + y \le 6,\ x \le 4,\ x \ge 0,\ y \ge 0$

অতপর প্রশ্নমালা I এর উদাহরণ 1 দ্রষ্টব্য।

10. $x + y \ge 1,\ y - 5x \le 0,\ 5y - x \ge 0,\ s \ge -1,\ t \le 6,\ x \le 3,\ x \ge 0,\ y \ge 0$ শর্তাধীনে অভিষ্ট ফাংশন $z = 3x + 2y$; যেখানে $s = x - y$, $t = x + y$.

ক. প্রমাণ কর যে, $|x+3| + |x-3| \ge |2x|$

প্রমাণ: আমরা জানি, $|a| + |b| \ge |a+b|$

$\therefore |x+3| + |x-3| \ge |x + 3 + x - 3|$

$\Rightarrow |x+3| + |x-3| \ge |2x|$

খ. y = 1 হলে, সংখ্যারেখার সাহায্যে $|t| + |s| \le 3$ এর সমাধান নির্ণয় কর ।

সমাধান : y = 1 হলে , $|t| + |s| \le 3$

$\Rightarrow |x+1| + |x-1| \le 3$

অতপর প্রশ্নমালা I এর উদাহরণ 1 দ্রষ্টব্য।

গ. z এর সর্বোচ্চ মান নির্ণয় কর।

সমাধান : প্রদত্ত শর্তাবলী : $x + y \ge 1$, $y - 5x \le 0,\ 5y - x \ge 0,\ s \ge -1 \Rightarrow x - y \ge -1$, $t \le 6 \Rightarrow x + y \le 6,\ x \le 3,\ x \ge 0,\ y \ge 0$

অতপর প্রশ্নমালা II এর উদাহরণ 2(j) দ্রষ্টব্য।

11. অভীষ্ট ফাংশন $z = 3x + 2y$,

শর্ত: $x + 2y \ge 4,\ 2x + y \ge 4,\ x \ge 0,\ y \ge 0$.

ক. **সমাধান কর :** $a(x + b) < c$, $[a \ne 0]$

সমাধান: প্রশ্নমালা I এর উদাহরণ 1 দ্রষ্টব্য।

খ. $y = \frac{7}{3}$ হলে $\frac{1}{|z|} > 5$ এর সমাধান সেট সংখারেখায় দেখাও।

সমাধান: $\frac{1}{|z|} > 5 \Rightarrow \frac{1}{|3x + 2y|} > 5$

$\Rightarrow \frac{1}{\left|3x+2\times\frac{7}{3}\right|} > 5 \Rightarrow \frac{3}{|9x+14|} > 5$

$\Rightarrow \frac{1}{|9x+14|} > \frac{5}{3} \Rightarrow |9x+14| < \frac{3}{5}$

[∵ | 9x + 14| ও 3/5 এর উভয়ই ধনাত্মক।]

$\Rightarrow -\frac{3}{5} < 9x + 14 < \frac{3}{5}$

$\Rightarrow -\frac{3}{5} - 14 < 9x + 14 - 14 < \frac{3}{5} - 14$

$\Rightarrow -\frac{73}{5} < 9x < -\frac{67}{5}$

$\Rightarrow -\frac{73}{45} < x < -\frac{67}{45}$, [∵ 9 > 0]

∴ সমাধান সেট, $S = \{x \in \mathbb{R}: -\frac{73}{45} < x < -\frac{67}{45}\}$

নিম্নে সংখ্যারেখায় সমাধান সেট দেখানো হল :



গ. প্রদত্ত শর্তের আলোকে অভীষ্ট ফাংশন z এর সর্বনিম্ন মা নির্ণয় কর।

সমাধান : প্রদত্ত অসমতা, $x + 2y \geq 4$ ও $2x + y \geq 4$ অনুরূপ রৈখিক সমীকরণ যথাক্রমে,

$x + 2y = 4 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{2} = 1 \cdots$(i),

$2x + y \geq 4 \Rightarrow \frac{x}{2} + \frac{y}{4} = 1 \cdots\cdots$ (ii)

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা X'OX ও YOY' অঙ্কন করি। x-অক্ষ ও y-অক্ষ বরাবর ছোট 2 বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) ও (ii) রেখা লেখচিত্র অঙ্কন করি।

AB ও BC রেখাদ্বয়ের উপরস্থ ও তাদের ডানপার্শ্বস্থ বিন্দুসমূহে সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে বিধায় ঐ অঞ্চলটিই সমাধানের অনুকূল এলাকা।



এখানে, A(4, 0); (i) ও (ii) এর ছেদবি $B(\frac{4}{3}, \frac{4}{3})$ এবং C(0, 4).

A(4, 0) বিন্দুতে $z = 3\times4 + 2\times0 = 12$

$B(\frac{4}{3}, \frac{4}{3})$ বিন্দুতে $z = 3\times\frac{4}{3} + 2\times\frac{4}{3}$

$= \frac{20}{3} = 6\frac{2}{3}$

C(0,4) বিন্দুতে $z = 3\times0 + 2\times4 = 8$

∴ z এর এর সর্বনিম্ন মান $6\frac{2}{3}$

12. দৃশ্যকল্প-1: $f(x) = x^2 - 4$

দৃশ্যকল্প-2: এক ব্যক্তি 1200 টাকা দিয়ে রুই ও কাতল উভয় মাছের পোনা কিনতে চান। 100 রুই মাছের পোনার দাম 60 টাকা এবং 100 কাতল মাছের পোনার দাম 30 টাকা ।

ক. $S = \{x \in \mathbb{R} : f(x) \leq 0\}$ এর ইনফিমাম নির্ণয় কর।

সমাধান : $f(x) \leq 0 \Rightarrow x^2 - 4 \leq 0$

$\Rightarrow (x + 2)(x - 2) \leq 0$

$\Rightarrow \{x - (-2)\}(x - 2) \leq 0$

$\Rightarrow -2 \leq x \leq 2$

∴ $S = \{x \in \mathbb{R} : f(x) \leq 0\}$

$= \{x \in \mathbb{R} : -2 \leq x \leq 2\}$

∴ S এর ইনফিমাম = − 2

খ. $|f(x)| \leq 5$ এর সমাধান সেট সংখ্যারেখায় দেখাও।

প্রমাণ: $|f(x)| \leq 3 \Rightarrow |x^2 - 4| \leq 3$

$\Rightarrow -3 \leq x^2 - 4 \leq 3$

$\Rightarrow -3 + 4 \leq x^2 - 4 + 4 \leq 3 + 4$

$\Rightarrow 1 \leq x^2 \leq 7$

$1 \leq x^2$ এর জন্য, $x^2 - 1 \geq 0$

$\Rightarrow (x + 1)(x - 1) \geq 0$ ∴ $x \geq 1$ অথবা $x \leq -1$

আবার, $x^2 \leq 7$ এর জন্য, $x^2 - (\sqrt{7})^2 \leq 0$

$\Rightarrow (x + \sqrt{7})(x - \sqrt{7}) \leq 0$

∴ $-\sqrt{7} \leq x \leq \sqrt{7}$

সমাধান সেট, $S = \{x \in \mathbb{R}: -\sqrt{7} \leq x \leq \sqrt{7}\} \cup \{x \in \mathbb{R}: x \geq 1$ অথবা $x \leq -1\}$

$= \{x \in \mathbb{R}: -\sqrt{7} \leq x \leq -1$ অথবা $1 \leq x \leq \sqrt{7}\}$

নিম্নে সংখ্যারেখায় সমাধান সেট দেখানো হল :



গ. দৃশ্যকল্প-2 এর সাহায্যে, লোকটি কোন্ মাছের কত পোনা কিনতে পারবেন যার মোট সংখ্যা সর্বাধিক 3000 হবে ?

সমাধান : প্রশ্নমালা II এর 4(g) দ্রষ্টব্য।

13. দৃশ্যকল্প -1 : $f(x) = 6x^2 + x - 1$

দৃশ্যকল্প-2 : A ও B দুই ধরনের খাবার আছে। যার মধ্যে প্রোটিন ও শ্বেতসার নিম্নরূপ :

খাদ্য	প্রোটিন	শ্বেতসার	প্রতি এককের দাম
A	1	3	2 টাকা
B	3	2	3 টাকা
দৈনিক ন্যূনতম প্রয়োজন	9	12	

ক. $\left|x - \frac{3}{2}\right| \leq 5$ অসমতাকে পরমমান চিহ্ন ব্যতীত প্রকাশ কর।

সমাধান : $\left|x - \frac{3}{2}\right| \leq 5 \Rightarrow -5 \leq x - \frac{3}{2} \leq 5$

$\Rightarrow -5 + \frac{3}{2} \leq x - \frac{3}{2} + \frac{3}{2} \leq 5 + \frac{3}{2}$

$\Rightarrow -\frac{7}{2} \leq x \leq \frac{13}{2}$

খ. দৃশ্যকল্প -1 ব্যবহার করে সংখ্যারেখার সাহায্যে f(x) < 0 অসমতার সমাধান কর।

সমাধান : $f(x) < 0 \Rightarrow 6x^2 + x - 1 < 0$

$\Rightarrow 6x^2 + 3x - 2x - 1 < 0$

$\Rightarrow 3x(2x + 1) - 1(2x + 1) < 0$

$\Rightarrow (2x + 1)(3x - 1) < 0 \cdots\cdots (1)$

$2x + 1 = 0$ হলে $x = -\frac{1}{2}$ এবং $3x - 1 = 0$ হলে $x = \frac{1}{3}$.

সংখ্যারেখার উপর $-\frac{1}{2}$ ও $\frac{1}{3}$ সংখ্যা দুইটির প্রতিরূপী বিন্দু চিহ্নিত করি।



বিন্দু দুইটি সংখ্যারেখাকে (i) $x < -\frac{1}{2}$ (ii) $-\frac{1}{2} < x < \frac{1}{3}$ এবং (iii) $x > \frac{1}{3}$ ব্যবধিতে বিভক্ত করে।

$x < -\frac{1}{2}$ হলে, $2x + 1 < 0$ এবং $3x - 1 < 0$.

∴ $(2x - 1)(3x + 1) > 0$, যা (1) এর সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

$-\frac{1}{2} < x < \frac{1}{3}$ হলে, $2x + 1 > 0$ এবং $3x - 1 < 0$

$\therefore$ $(2x-1)(3x+1) < 0$, যা (1) এর সঙ্গে সঙ্গতিপূর্ণ।

$x > \frac{1}{3}$ হলে, $2x + 1 > 0$ এবং $3x - 1 > 0$

$\therefore$ $(2x-1)(3x+1) > 0$, যা (1) এর সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

$\therefore$ নির্ণেয় সমাধান : $-\frac{1}{2} \le x < \frac{1}{3}$

গ. দৃশ্যকল্প-2 অনুসারে খাদ্যের এমন একটি সমন্বয় নির্ণয় কর যা সর্বনিম্ন খরচে ঐ ব্যক্তির দৈনিক প্রয়োজন মিটাবে।

সমাধান : প্রশ্নমালা II এর উদাহরণ-৩ দ্রষ্টব্য।

14. A ও B দুই ধরনের খাবার আছে। যার মধ্যে প্রোটিন ও শ্বেতসার নিম্নরূপ : [দি.বো.'১৭]

খাদ্য	প্রোটিন	শ্বেতসার	প্রতি এককের দাম
A	4	5	40 টাকা
B	6	3	50 টাকা
দৈনিক ন্যূনতম প্রয়োজন	16	11	

ক. যোগাশ্রয়ী প্রোগ্রাম বলতে কি বুঝ? ২

সমাধান : শিখনফল ২.১ দ্রষ্টব্য।

খ. সমস্যাটির একটি যোগাশ্রয়ী প্রোগ্রাম গঠন কর। ৪

সমাধান : মনে করি, x কেজি A খাদ্য এবং y কেজি B খাদ্য প্রয়োজন। তাহলে,

মোট খরচ, $z = 40x + 50y$ (সর্বনিম্নকরণ)

সীমাবদ্ধতা : (প্রোটিন) $4x + 6y \ge 16$,

(শ্বেতসার) $5x + 3y \ge 11$ এবং

অঋণাত্মক সীমাবদ্ধতা, $x \ge 0, y \ge 0$.

গ. লেখচিত্রের সাহায্যে যোগাশ্রয়ী প্রোগ্রামটির সমাধান কর। ৪

সমাধান : খ-এর অসমতাগুলির অনুরূপ রৈখিক সমীকরণ, $4x + 6y = 16$

$\Rightarrow \frac{x}{4} + \frac{y}{8/3} = 1 \cdots$(i),

$5x + 3y \ge 11 \Rightarrow \frac{x}{11/5} + \frac{y}{11/3} = 1 \cdots$ (ii)

একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' অঙ্কন করি। x-অক্ষ বরাবর ছোট 5 বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ও y-অক্ষ বরাবর ছোট 3 বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) ও (ii) রেখার লেখচিত্র অঙ্কন করি।



AB ও BC রেখাদ্বয়ের উপরস্থ ও তাদের ডানপার্শ্বস্থ বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে বিধায় ঐ অঞ্চলটিই সমাধানের অনুকূল এলাকা।

এখানে, A(4, 0); (i) ও (ii) এর ছেদবিন্দু B(1, 2) এবং C(0, 11/3).

A(4, 0) বিন্দুতে $z = 40\times4 + 50\times0 = 160$

B(1, 2) বিন্দুতে $z = 40\times1 + 50\times1 = 140$

$C(0, \frac{11}{3})$ বিন্দুতে,

$z = 40\times0 + 50\times\frac{11}{3} = 183.33$

$z_{min} = 140$

$\therefore$ সবচেয়ে কম খরচ 140 টাকা। সুতরাং 1 কেজি A খাদ্য এবং 2 কেজি B খাদ্য প্রয়োজন।

15. দৃশ্যকল্প-১ : $f(x) = |x - 3|$. [সি.বো.'১৭]

দৃশ্যকল্প-২: $4x + y \ge 16, 4x + 7y \ge 40, x, y \ge 0$.

ক. $-4 < 2x - 1 < 12$ কে পরমমান চিহ্নের সাহায্যে প্রকাশ কর।

সমাধান : $-4 < 2x - 1 < 12$

সকল পক্ষে $-\frac{-4+12}{2} = -4$ যোগ করে পাই,

$-4 - 4 < 2x - 1 - 4 < 12 - 4$

$\Rightarrow -8 < 2x - 5 < 8 \Rightarrow |2x - 5| < 8$ (Ans.)

খ. $f(x) < \frac{1}{5}$ হলে দেখাও যে, $f(x^2 - 6) < \frac{31}{25}$.

প্রমাণ: $f(x) < \frac{1}{5} \Rightarrow |x - 3| < \frac{1}{5}$ …… (i)

$\therefore$ $|x + 3| = |x - 3 + 6| \le |x - 3| + |6|$

$\Rightarrow |x + 3| < \frac{1}{5} + 6$, [(i) দ্বারা]

$\Rightarrow |x + 3| < \frac{31}{5}$ …… (ii)

(i)× (ii) $\Rightarrow |x - 3||x + 3| < \frac{1}{5}.\frac{31}{5}$

$\Rightarrow |(x - 3)(x + 3)| < \frac{31}{25} \Rightarrow |x^2 - 9| < \frac{31}{25}$

$\Rightarrow |(x^2 - 6) - 3| < \frac{31}{25}$

$\Rightarrow f(x^2 - 6) < \frac{31}{25}$, [$\because f(x) = |x - 3|$]

গ. দৃশ্যকল্প-২ এর আলোকে লেখচিত্রের সাহায্যে $z = 4x + 2y$ এর সর্বনিম্ন মান নির্ণয় কর।

সমাধান : দৃশ্যকল্প-২ হতে পাই,

$4x + y \ge 16, 4x + 7y \ge 40, x, y \ge 0$.

প্রদত্ত অসমতাগুলির অনুরূপ রৈখিক সমীকরণ,

$4x + y = 16 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{16} = 1$ ……(i),

$4x + 7y = 40 \Rightarrow \frac{x}{10} + \frac{y}{40/7} = 1 \cdots$ (ii)



একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষরেখা $X'OX$ ও YOY' অঙ্কন করি। x-অক্ষ ও y-অক্ষ বরাবর ছোট 1 বর্গের বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) ও (ii) রেখার লেখচিত্র অঙ্কন করি।

AB ও BC রেখাদ্বয়ের উপরস্থ ও তাদের ডানপার্শ্বস্থ বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে বিধায় ঐ অঞ্চলটিই সমাধানের অনুকূল এলাকা।

এখানে, A(10, 0); (i) ও (ii) এর ছেদবিন্দু B(3, 4) এবং C(0, 16).

A(10, 0) বিন্দুতে $z = 4\times10 + 2\times0 = 40$

B(3, 4) বিন্দুতে $z = 4\times3 + 2\times4 = 20$

C(0,16) বিন্দুতে $z = 4\times0 + 2\times16 = 32$

$\therefore$ z এর এর সর্বনিম্ন মান 20.

শ্রেণির কাজ

1. **$x + 4y \le 80, 2x + 3y \le 90, x \ge 0, y \ge 0$ শর্তাধীনে $z = 45x + 80y$ এর সর্বোচ্চ মান নির্ণয় কর।**

পরীক্ষণ নং 1	তারিখঃ

পরীক্ষণের নাম : লেখচিত্রের সাহায্যে দ্বিমাত্রিক যোগাশ্রয়ী পোগ্রামিং এ অভীষ্ট ফাংশন $Z = 45x + 80y$ এর মান সর্বোচ্চকরণ।

শর্তাবলী : $x + 4y \leq 80$, $2x + 3y \leq 90$, $x \geq 0$, $y \geq 0$.

মূলতত্ত্ব : প্রদত্ত অসমতা $x + 4y \leq 80$, $2x + 3y \leq 90$, $x \geq 0$ এবং $y \geq 0$ এর লেখচিত্র অঙ্কন করে অনুকূল এলাকার কৌণিক বিন্দুগুলির স্থানাঙ্ক নির্ণয় করি। কৌণিক বিন্দুগুলির স্থানাঙ্কের মান বসিয়ে $Z = 45x + 80y$ এর সর্বোচ্চ মান নির্ণয় করি।

প্রয়োজনীয় উপকরণ : (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতি :



1. অসমতাগুলির অনুরূপ রৈখিক সমীকরণ $x + 4y = 80$, $2x + 3y = 90$ কে ছেদক আকারে প্রকাশ করে পাই, $\frac{x}{80} + \frac{y}{20} = 1 \cdots$ (i), $\frac{x}{45} + \frac{y}{30} = 1 \cdots\cdots$ (ii)
2. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি।
3. x অক্ষ ও y অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 1 বাহুর দৈর্ঘ্য = 5 একক ধরে (i) নং রেখাস্থ (80, 0) ও (0, 20) ; (ii) নং রেখাস্থ (45,0) ও (0, 30) বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে প্রতি জোড়া সংযোগ করে যথাক্রমে (i)ও (ii) রেখার লেখচিত্র অঙ্কন করি।
4. (0, 0) বিন্দু $x + 4y \leq 80$ অসমতাকে সিদ্ধ করে ($\because 0 \leq 80$ সত্য)। সুতরাং (i) রেখাস্থ ও এর (0, 0) বিন্দুর পার্শ্বস্থ সকল বিন্দুর সেট ঐ অসমতার সমাধান। তদ্রূপ, (ii) রেখাস্থ ও এর (0, 0) বিন্দুর পার্শ্বস্থ সকল বিন্দুর সেট $2x + 3y \leq 90$ অসমতার সমাধান। তাছাড়া $x \geq 0$ ও $y \geq 0$ দ্বারা বুঝায় সমাধানের অনুকূল এলাকা ১ম চতুর্ভাগে অবস্থিত।
5. OABC চতুর্ভুজ দ্বারা সীমাবদ্ধ এলাকার বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে। অতএব, এই ক্ষেত্রটিই সমাধানের অনুকূল এলাকা।
6. OABC চতুর্ভুজের কৌণিক বিন্দুর স্থানাঙ্ক O(0, 0), A(45, 0), (i) ও (ii) এর ছেদবিন্দু B(24,14) এবং C(0, 20)
7. অভীষ্ট ফাংশনে কৌণিক বিন্দুগুলির মান বসিয়ে Z এর সর্বোচ্চ মান নির্ণয় করি।

ফল সংকলন :

কৌণিক বিন্দু	$Z = 45x + 80y$	Z_{max}
O(0, 0)	$Z = 45\times0 + 80\times0 = 0$	2200

A(45, 0)	$Z = 45\times45 + 80\times0 = 2025$	
B(24,14)	$Z = 45\times24 + 80\times14 = 2200$	
C(0,20)	$Z = 45\times0 + 80\times20 = 1600$	

ফলাফল : Z এর সর্বোচ্চ মান = 2200.

2. $11x + 6y \geq 132$, $x + y \geq 18$, $x + 4y \geq 24$, $x \geq 0$, $y \geq 0$ **শর্তাধীনে $z = 80x + 50y$ এর সর্বনিম্ন** মান নির্ণয় কর।

পরীক্ষণ নং	তারিখঃ

পরীক্ষণের নাম : লেখচিত্রের সাহায্যে দ্বিমাত্রিক যোগাশ্রয়ী পোগ্রামিং এ অভীষ্ট ফাংশন $z = 80x + 50y$ এর সর্বনিম্ন মান নির্ণয়।

শর্তাবলী : $11x + 6y \geq 132$, $x + y \geq 18$, $x + 4y \geq 24$, $x \geq 0$, $y \geq 0$

মূলতত্ত্ব ঃ প্রদত্ত অসমতা $11x + 6y \geq 132$, $x + y \geq 18$ এবং $x + 4y \geq 24$ এর লেখচিত্র অঙ্কন করে অনুকূল এলাকার কৌণিক বিন্দুগুলির স্থানাঙ্ক নির্ণয় করি। কৌণিক বিন্দুগুলির স্থানাঙ্কের মান বসিয়ে $Z = 80x + 50y$ এর সর্বনিম্ন মান নির্ণয় করি।

প্রয়োজনীয় উপকরণঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতিঃ

1. অসমতাগুলির অনুরূপ রৈখিক সমীকরণ $11x + 6y = 132 \Rightarrow \frac{x}{12} + \frac{y}{22} = 1 \cdots\cdots$ (i), $x + y = 18 \Rightarrow \frac{x}{18} + \frac{y}{18} = 1 \cdots$ (ii) ও $x + 4y = 24 \Rightarrow \frac{x}{24} + \frac{y}{6} = 1 \cdots$ (iii)
2. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি।
3. x অক্ষ ও y অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 2 বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) নং রেখাস্থ (12, 0) ও (0, 22) ; (ii) নং রেখাস্থ (18,0) ও (0, 18) ; (iii) নং রেখাস্থ (24, 0) ও (0, 6) বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে প্রতি জোড়া সংযোগ করে যথাক্রমে (i), (ii) ও (iii) রেখার লেখচিত্র অঙ্কন করি।



4. $(0, 0)$ বিন্দু $11x + 6y \geq 132$ অসমতাকে সিদ্ধ করেনা ($\because 0 \geq 132$ সত্য নয়)। সুতরাং (i) রেখাস্থ ও এর $(0, 0)$ বিন্দুর বিপরীত পার্শ্বস্থ সকল বিন্দুর সেট ঐ অসমতার সমাধান। $(0, 0)$ বিন্দু $x + y \geq 18$ অসমতাকে সিদ্ধ করে না ($\because 0 \geq 18$ সত্য নয়)। সুতরাং (ii) রেখাস্থ ও এর $(0, 0)$ বিন্দুর বিপরীত পার্শ্বস্থ সকল বিন্দুর সেট ঐ অসমতার সমাধান। আবার $(0, 0)$ বিন্দু $x + 4y \geq 24$ অসমতাকে সিদ্ধ করে না ($\because 0 \geq 24$ সত্য নয়)। সুতরাং (iii) রেখাস্থ ও এর $(0, 0)$ বিন্দুর বিপরীত পার্শ্বস্থ সকল বিন্দুর সেট ঐ অসমতার সমাধান। তাছাড়া $x \geq 0$ ও $y \geq 0$ দ্বারা বুঝায় সমাধানের অনুকূল এলাকা ১ম চতুর্ভাগে অবস্থিত।

5. AB, BC ও CD রেখাত্রয়ের উপরস্থ ও তাদের ডানপার্শ্বস্থ বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে বিধায় ঐ অঞ্চলটিই সমাধানের অনুকূল এলাকা।

6. কৌণিক বিন্দুগুলির স্থানাঙ্ক : $A(24, 0)$, (ii) ও (iii) এর ছেদবিন্দু $B(16,2)$, $C(4{\cdot}8, 13{\cdot}2)$ এবং $D(0,22)$.

7. অভীষ্ট ফাংশনে কৌণিক বিন্দুগুলির মান বসিয়ে Z এর সর্বনিম্ন মান নির্ণয় করি।

ফল সংকলন :

কৌণিক বিন্দু	$Z = 80x + 50y$	Z_{min}
$A(24, 0)$	$Z = 80\times24 + 50\times0 = 1920$	1044
$B(16, 2)$	$Z = 80\times16 + 50\times2 = 1380$	
$C(4{\cdot}8, 13{\cdot}2)$	$Z = 80\times6 + 50\times6 = 1044$	
$D(0,22)$	$Z = 80\times0 + 50\times22 = 1100$	

ফলাফল : Z এর সর্বনিম্ন মান = 1044.

3.

পরীক্ষণ নং	তারিখঃ

পরীক্ষণের নামঃ একটি ফার্ম A এবং B দুইটি মেশিনের সাহায্যে চেয়ার ও টেবিল দুইটি পণ্য তৈরি করে। A মেশিনে 60 ঘন্টা এবং B মেশিনে 48 ঘন্টা পর্যন্ত কাজ করতে সক্ষম। একটি চেয়ার তৈরি করতে A মেশিনে 2 ঘন্টা এবং B মেশিনে 4 ঘন্টা সময় লাগে। একটি টেবিল তৈরি করতে A মেশিনে 4 ঘন্টা এবং B মেশিনে 2 ঘন্টা সময় লাগে। টেবিল প্রতি 8 টাকা এবং চেয়ার প্রতি 6 টাকা মুনাফা হলে সর্বাধিক মুনাফা পাবার জন্য কয়টি চেয়ার এবং কয়টি টেবিল তৈরি করতে হবে?

মূলতত্ত্ব : সর্বাধিক মুনাফা পাবার জন্য x টি চেয়ার ও y টি টেবিল তৈরি করতে হবে:

মুনাফা, $Z = 6x + 8y$

শর্তাবলী, $2x + 4y \leq 60$, $4x + 2y \leq 48$ এবং $x \geq 0$, $y \geq 0$.

প্রয়োজনীয় উপকরণঃ (i) পেন্সিল (ii) স্কেল (iii) গ্রাফ পেপার (iv) ইরেজার (v) শার্পনার (vi) ক্যালকুলেটর ইত্যাদি।

কার্যপদ্ধতিঃ

1. অসমতাগুলির অনুরূপ রৈখিক সমীকরণ $2x + 4y = 60 \cdots\cdots$ (i) ও $4x + 2y = 48 \cdots\cdots$ (ii) এর ছেদক আকার যথাক্রমে $\frac{x}{30} + \frac{y}{15} = 1$ ও $\frac{x}{12} + \frac{y}{24} = 1$.

2. একটি ছক কাগজে স্থানাঙ্কের অক্ষ রেখা $X'OX$ ও YOY' আঁকি।

3. x অক্ষ ও y অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের 3 বাহুর দৈর্ঘ্য = 1 একক ধরে (i) নং রেখাস্থ $(30, 0)$ ও $(0, 15)$; (ii) নং রেখাস্থ $(12,0)$ ও $(0, 24)$ বিন্দুগুলি গ্রাফ পেপারে স্থাপন করি এবং সরু পেন্সিল দিয়ে প্রতি জোড়া সংযোগ করে যথাক্রমে (i) ও (ii) রেখার লেখচিত্র অঙ্কন করি।

4. $(0,0)$ বিন্দু $2x + 4y \leq 60$ অসমতাকে সিদ্ধ করে ($\because 0 \leq 60$ সত্য)। সুতরাং (i) রেখাস্থ ও এর $(0, 0)$ বিন্দুর পার্শ্বস্থ সকল বিন্দুর সেট ঐ অসমতার সমাধান। $(0, 0)$ বিন্দু $4x + 2y \leq 48$ অসমতাকে সিদ্ধ করে ($\because 0 \leq 60$ সত্য)। সুতরাং (ii) রেখাস্থ ও এর $(0, 0)$ বিন্দুর পার্শ্বস্থ সকল বিন্দুর সেট ঐ অসমতার সমাধান। তাছাড়া $x \geq 0$ ও $y \geq 0$ দ্বারা বুঝায় সমাধানের অনুকূল এলাকা ১ম চতুর্ভাগে অবস্থিত।



OABC চতুর্ভুজ দ্বারা সীমাবদ্ধ এলাকার বিন্দুসমূহের সেট প্রদত্ত সকল শর্তকে সিদ্ধ করে। অতএব, এই ক্ষেত্রটিই সমাধানের অনুকূল এলাকা।

6. OABC চতুর্ভুজের কৌণিক বিন্দুর স্থানাঙ্ক : $O(0,0)$, $A(12, 0)$, (i) ও (ii) এর ছেদবিন্দু $B(6, 12)$ এবং $C(0, 15)$

7. অভীষ্ট ফাংশনে কৌণিক বিন্দুগুলির মান বসিয়ে Z এর সর্বনিম্ন মান নির্ণয় করি।

ফল সংকলন :

কৌণিক বিন্দু	$Z = 6x + 8y$	Z_{max}
$O(0, 0)$	$Z = 6\times0 + 8\times0 = 0$	132
$A(12, 0)$	$Z = 6\times12 + 8\times0 = 72$	
$B(6, 12)$	$Z = 6\times6 + 8\times12 = 132$	
$C(0, 15)$	$Z = 6\times0 + 8\times15 = 120$	

ফলাফল : সর্বাধিক মুনাফা পাবার জন্য 6 টি চেয়ার ও 12 টি টেবিল তৈরি করতে হবে।